

**শিক্ষাক্ষেত্রকে শিক্ষার  
প্রকৃত ক্ষেত্রে পরিণত  
করিতে হইবে -এরশাদ**

প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদ গতকাল (রবিবার) শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষার প্রকৃত ক্ষেত্রে পরিণত করার সংকল্প গ্রহণের জ্ঞপ্তি ছাত্রদের পরামর্শ দিয়াছেন। বাসস জানায়, গতকাল টাঙ্গাইলের করটিয়ার কলেজ প্রাঙ্গণে সরকারী সাদৎ কলেজের ছাত্র ও শিক্ষকবৃন্দ কতক তাঁহাকে প্রদত্ত সম্বর্ধনা অনুষ্ঠানে বক্তৃতা প্রসঙ্গে প্রেসিডেন্ট এরশাদ বলেন, (২য় পৃঃ পঃ)

**এরশাদ**

(১ম পৃঃ পর)

একশ্রেণীর ছাত্র অনবরত হিংসাত্মক কার্যক্রমের মাধ্যমে শিক্ষাক্ষেত্রের পবিত্রতা বিনষ্ট করিতেছে। প্রেসিডেন্ট এরশাদ দুঃখ করিয়া বলেন যে, একশ্রেণীর রাজনীতিক তাহাদের হীনস্বার্থ চরিতার্থ করার জন্ত ছাত্রদের হিংসাত্মক তৎপরতায় নিয়োজিত করার উদ্দেশ্যে দিতেছে। তিনি ছাত্রগণকে রাজনীতিকদের দাবার ঘুঁট না হওয়ার পরামর্শ দেন। প্রেসিডেন্ট এরশাদ ১৯৭০ সালে ডাক্তার নিব্বাচনের ব্যালট-বাক্স ছিনতাই-এর মাধ্যমে ক্যাম্পাসে হিংসাত্মক ঘটনাবলীর শুরুর কথা উল্লেখ করিয়া বলেন, সে সময়ের হিংসাত্মক ঘটনা এক্ষেত্রে সম্প্রসারিত হইয়া ক্যাম্পাসের শিক্ষার পরিবেশ বিষাইয়া তুলিয়াছে। প্রেসিডেন্ট এরশাদ ছাত্রগণকে নিজেদের যোগ্য নাগরিক হিসাবে গড়িয়া তোলার জন্ত তাহাদের শক্তি ও সময় নিয়োগের আহ্বান জানান। প্রেসিডেন্ট এরশাদ বলেন, এবারই প্রথম বর্তমান সরকার ছাত্রদের জন্ত ষড়কালীন কাজের প্রথা চালু করিয়াছেন। তিনি ছাত্রগণকে তাহাদের জন্ত প্রদত্ত সুযোগ-সুবিধার সর্বাঙ্গীণ আহ্বান জানান। তিনি ছাত্রগণকে একজনের জীবনে শিক্ষকের স্থানের কথা স্মরণ করিয়া দেন এবং বলেন, আমাদেরকে অবশ্যই আমাদের শিক্ষকদের সম্মান করিতে হইবে, অত্যাচার আমাদের সকল শিক্ষাই বিফল হইবে। প্রেসিডেন্ট এরশাদ কলেজের একটি ছাত্রী নিবাস নির্মাণের জন্ত ৩০ লক্ষ টাকা মঞ্জুর করেন এবং বলেন যে, দূর-দূরান্ত হইতে আগত ছাত্রদের জন্ত দুইটি বাসের ব্যবস্থা করা হইবে। তিনি আরও

ঘোষণা করেন যে, সাদৎ কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে পরিণত করা হইবে। অনুষ্ঠানে স্থানীয় সরকার মন্ত্রী মেজর-জেনারেল মাহমুদুল হাসান, সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান মীর মাহমুদুর রহমান, কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবদুল্লাহ আল হাসান, মোরশেদ আলী খান পন্নী এবং ছাত্র প্রতিনিধি আদনান আখতারও বক্তৃতা করে। পরে প্রেসিডেন্ট কলেজের ছাত্রী নিবাস পরিদর্শন করেন। পূর্বাঞ্চে কলেজে পৌঁছিলে ছাত্ররা প্রেসিডেন্টকে বিপুল সম্বর্ধনা জ্ঞাপন করে। তাহারা স্বাগতঃ ধবনি দেন এবং বিপুল করতালি সহকারে তাঁহাকে সম্বর্ধনা জ্ঞাপন করে।

**মধুপুর রাবার চাষ**

**প্রকল্প উদ্বোধন**

মধুপুর (টাঙ্গাইল) হইতে বাসস জানায়, প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদ গতকাল (রবিবার) মধুপুরে রাবার চাষ প্রকল্প উদ্বোধন করেন। এই প্রসঙ্গে তিনি আস্থা ব্যক্ত করেন যে, অদূর ভবিষ্যতে দেশ রাবার উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করিবে। তিনি বলেন, এই লক্ষ্যে মধুপুরের বর্তমান ১৫ হাজার একরের প্রকল্প এলাকা পর্যায়ক্রমে আরও সম্প্রসারণ করা হইবে।

সভার কৃষিমন্ত্রী মেজর-জেনারেল এম, এ, মুনিম, স্থানীয় সরকার মন্ত্রী মেজর জেনারেল মাহমুদুল হাসান, কৃষি উপমন্ত্রী মাইনুদ্দিন ভূঁইয়া, স্থানীয় উপজেলা পরিষদ চেয়ারম্যান কাজী আসাদুজ্জামান এবং কয়েকজন স্থানীয় নেতা বক্তৃতা করেন। 'ক' অঞ্চলের আঞ্চলিক সামরিক আইন প্রশাসক মেজর জেনারেল কে, এম আবদুল ওয়াহেদ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।